দৈনিক সংবাদ

228

তারিখ DEC. 19 1999
পৃষ্ঠা ৯ কলাম ৮

# পদোন্নতি না হওয়ায় বিসিএস সাধারণ শিক্ষা সমন্বয় কমিটির ক্ষোভ

বিসিএস সাধারণ শিক্ষা প্রমোশন সমন্বয় কমিটির এক সভা গত শুক্রবার সরকারি বিজ্ঞান কলেজে অনুষ্ঠিত হয়। কমিটির আহ্বায়ক মোঃ সাদত হোসেন সভায় সভাপতিত্ব করেন। দেশের সরকারি কলেজ ও সংশ্লিষ্ট অফিসসমূহের শিক্ষক প্রতিনিধিবৃন্দ এ সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন। সাধারণ শিক্ষা ক্যাডারের নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে সৃষ্ট জটিলতার কারণে দীর্ঘদিন যাবৎ পদোন্নতি না হওয়ায় উপস্থিত শিক্ষকবৃন্দ ক্ষোভ প্রকাশ করেন। তারা বলেন, প্রায় চার বছর যাবৎ পদোন্নতি না হওয়ায় ইতোমধ্যে অনেকেই সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষক পদে অবসর গ্রহণ করতে বাধ্য হয়েছেন। এমনকি কেউ কেউ প্রাপ্য পদোন্নতি না পেয়ে মৃত্যুবরণ করেছেন।

সভায় শিক্ষক প্রতিনিধিদের মধ্যে বক্তব্য রাখেন সেলিমা খাতুন, শাহ সুফিয়ান, সাইফুল ইসলাম, আবু ইউসুফ, আবদুর রশীদ, জহিরুল হক, সাহানা আজিম, ফিরোজা সুলতানা, সাঈদ আহমেদ, আক্তারুজ্জামান, আবদুর রাজ্জাক মীর, মোঃ আবদুস সালেক, আবদুর রহিম, মোঃ ইউসুফ প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।